

আসছে ১০ যাত্রীর উড়ন্ত ট্যাক্সি

- A Monitor Desk Report

Date: 15 March, 2026



ঢাকাঃ চীনের ফেংফেই এভিয়েশন সফলভাবে তাদের তৈরি ভি-৫০০০ মডেলের বৈদ্যুতিক উল্লম্ব উড্ডয়ন ও অবতরণ সক্ষম উড্ডোজাহাজের প্রথম ফ্লাইট পরীক্ষা সম্পন্ন করেছে।

প্রায় ৫ টন (৪ হাজার ৫৩৬ কেজি) ওজনের এই উড্ডোজাহাজটিকে প্রতিষ্ঠানটি এখন পর্যন্ত পরীক্ষিত সবচেয়ে বড় বৈদ্যুতিক উল্লম্ব উড্ডয়ন-অবতরণ সক্ষম ড্রোন সদৃশ উড্ডোজাহাজ বলে দাবি করেছে।

পরীক্ষামূলক ফ্লাইটে উড্ডোজাহাজটি প্রথমে উল্লম্বভাবে আকাশে ওঠে, পরে ফিক্সড-উইং মোডে স্বল্প দূরত্ব উড়ে এবং শেষে আবার উল্লম্ব পদ্ধতিতে নিরাপদে অবতরণ করে।

উল্লম্ব উড্ডয়ন ও অবতরণ প্রযুক্তির উড্ডোজাহাজগুলো অনেকটা হেলিকপ্টারের মতো কাজ করে। ফলে এগুলো হেলিপ্যাড বা ছোট জায়গা থেকেও উড্ডয়ন ও অবতরণ করতে পারে এবং ফিক্সড-উইং উড্ডোজাহাজের মতো রানওয়ের প্রয়োজন হয় না।

শক্তির দিক থেকে দুই ধরনের সংস্করণ

প্রতিষ্ঠানটির তথ্য অনুযায়ী, উড্ডোজাহাজটির একাধিক সংস্করণ রয়েছে। সম্পূর্ণ বৈদ্যুতিক সংস্করণটি একবার চার্জে প্রায় ২৫০ কিলোমিটার উড়তে পারে। আর হাইব্রিড শক্তিচালিত সংস্করণটি প্রায় ১ হাজার ৫০০ কিলোমিটার পর্যন্ত উড়তে সক্ষম।

যাত্রী ও পণ্যবাহী দুই সংস্করণ

ভি-৫০০০ উড্ডোজাহাজটি যাত্রী ও পণ্য পরিবহনের জন্য আলাদা সংস্করণে তৈরি হয়েছে। যাত্রীবাহী সংস্করণ “স্কাই ড্রাগন” সর্বোচ্চ ১০ জন যাত্রী বহন করতে পারে। একই উড্ডোজাহাজের পণ্যবাহী সংস্করণ “ভি-৫০০০ ম্যাট্রিক্স”, যা প্রায় ৯০৭ কেজি বা প্রায় এক টন পণ্য বহন করতে সক্ষম।

বড় ডানা ও ২০টি মোটর

উডোজাহাজটির নকশায় প্রায় ২০ মিটার চওড়া যৌগিক ডানা রয়েছে এবং এতে তিন স্তরের অ্যারোডাইনামিক বিন্যাস ব্যবহার করা হয়েছে। এতে ২০টি লিফট মোটর রয়েছে, যাতে কয়েকটি মোটর বিকল হলেও উডোজাহাজটি নিরাপদে উড়তে পারে।

উড্ডন ট্যাক্সি প্রযুক্তির প্রতিযোগিতা

বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠান ইতোমধ্যে বাণিজ্যিক উড্ডন ট্যাক্সি পরিষেবা চালুর লক্ষ্যে এ ধরনের উডোজাহাজ তৈরি করেছে। যেমন জোবি এভিয়েশন দুবাইয়ে উড্ডন ট্যাক্সি চালুর উদ্যোগ নিয়েছে। চীনের ইহাং-এর তৈরি চালকবিহীন ইএইচ-২১৬-এস উডোজাহাজ চীনে পর্যটন ফ্লাইট পরিচালনার অনুমোদনও পেয়েছে।

অন্যান্য উডোজাহাজের তুলনায় বড়

এ ধরনের বেশিরভাগ উডোজাহাজ সাধারণত চার থেকে ছয় যাত্রী বহনক্ষম এবং তুলনামূলকভাবে হালকা, যা মূলত স্বল্প দূরত্বের শহরে যাতায়াতের জন্য তৈরি। তবে ভি-৫০০০ দেখিয়েছে যে একই প্রযুক্তি ব্যবহার করে দীর্ঘ দূরত্বের আঞ্চলিক পরিবহনও সম্ভব হতে পারে।

বড় এয়ারলাইনের সমর্থন

এই খাতে কিছু প্রতিষ্ঠান বড় এয়ারলাইনের সহায়তাও পাচ্ছে। যেমন জোবি এভিয়েশনকে সমর্থন করেছে ডেল্টা এয়ারলাইন্স এবং আর্চারকে সমর্থন করেছে ইউনাইটেড এয়ারলাইন্স, যা যুক্তরাষ্ট্রে অনুমোদন পাওয়ার ক্ষেত্রে তাদের এগিয়ে রাখছে।

আনুষ্ঠানিক উড্ডয়ন কবে

ভি-৫০০০ স্কাই ড্রাগন বা ম্যাট্রিক্স উডোজাহাজের বাণিজ্যিক অনুমোদনের সময়সূচি এখনো ঘোষণা করা হয়নি। তবে ফেংফেই এভিয়েশনের আরেকটি ছোট উডোজাহাজ ভি-২০০০সিজি ইতোমধ্যে চীনে নিরাপত্তা ও মান সংক্রান্ত সার্টিফিকেশন পেয়েছে।

বিনিয়োগ

ফেংফেই এভিয়েশন এবং তাদের আন্তর্জাতিক ব্র্যান্ড অটোফ্লাইট চীনের শীর্ষ ব্যাটারি নির্মাতা প্রতিষ্ঠান কনটেম্পোরারি অ্যামপেরেক্স টেকনোলজি কোম্পানি লিমিটেডের কাছ থেকে কয়েকশো মিলিয়ন ডলারের বিনিয়োগ পেয়েছে বলে গণমাধ্যমে জানানো হয়েছে।

-B